


ইডেনকে বিশ্ববিদ্যালয় করার দাবিতে ১০ দিনের আলটিমেটাম

যুগান্তর রিপোর্ট

ইডেন মহিলা কলেজকে বিশ্ববিদ্যালয় করার দাবিতে আন্দোলনকারী শিক্ষার্থীরা ১০ দিনের সময় বেঁধে দিয়েছেন প্রধানমন্ত্রীকে। এ সময়ের মধ্যে দাবি আদায় না হলে কঠোর আন্দোলনের ঘোষণা দেন তারা। রোববার বেলা ১১টার দিকে কলেজের শিক্ষার্থীরা ইডেনের মূল ফটকে জড়ো হয়ে সমাবেশ শেষে একটি মিছিল প্রধানমন্ত্রীর কার্যালয়ের উদ্দেশ্যে যাত্রা করে। মিছিলটি নীলফকত মোড়ে গেলে পুলিশ তাদের বাধা দেয়। পরে বাধা উপেক্ষা করে তারা শাহবাগে যায়। সেখানে এক সমাবেশে নিষিদ্ধ হয়ে ছয় সদস্যের প্রতিনিধি দল গঠন করা হয়। গঠিত প্রতিনিধি দলের সদস্যরা হলেন— মুক্তা বাউড়, আঁধি, অনন্যা, সুইটি, রুনা ও আশরাফী। মুক্তা বাউড় বলেন, 'ইডেন কলেজকে বিশ্ববিদ্যালয় করার দাবিতে প্রধানমন্ত্রীকে ১০ দিনের সময় দিয়েছি। এর মধ্যে দাবি মানা না হলে কঠোর আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে।' ছবি : ৩য় পৃষ্ঠায়



ইডেন কলেজকে বিশ্ববিদ্যালয় করার দাবিতে কলেজের ছাত্রীরা রোববার প্রধানমন্ত্রীর কার্যালয়কলিপি দিতে বাওয়ার লেবায় শাহবাগ মোড়ে পুলিশের বাধা